দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 5 JAN ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 2 ...

# আসলেই কি আমরা সৃজনশীল নই?

জেএসসি পরীক্ষায় গাইড বই থেকে প্রশ্ন করা নিয়ে মিডিয়াগুলো বেশ সরগরম হয়ে ওঠে। বলা হয় শিক্ষকদের নাকি সৃজনশীল প্রশ্ন সম্পর্কে কোনো ধারণা নেই। শিক্ষকদের নাকি উপযুক্ত প্রশিক্ষণ দেওয়া হয়নি। কথাটা পুরোপুরি ঠিক নয়। আসলে আমাদের অনেকেরই ভালো সৃজনশীলতার ধারণা রয়েছে। এবং সে অনুযায়ী প্রশ্ন করারও যোগ্যতা রয়েছে। প্রশ্ন হচ্ছে, কেন আমরা সৃজনশীল প্রশ্ন করি, না? আসলে আমরা বাঙালিরা চাপিয়ে না দিলে নিজে থেকে কোনো কিছু করতে রাজি না। অধিকাংশ প্রধানশিক্ষকের ধারণা হলো সৃজনশীল প্রশ্ন করলে বেশি টাকা ও বেশি সময় নষ্ট হবে। আবার অনেক শিক্ষক হয়তো গোপনীয়তা রক্ষা করতে পারেন না। এসব কারণে প্রধানশিক্ষকগণ সহজেই তৈরি করা প্রশ্ন ক্রয় করেন। ফলে আমাদের সৃজনশীলতার বহিঃপ্রকাশ আর ঘটে না। একটা ছোট উদাহরণ দেই—মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলায় মাধ্যমিক শিক্ষা অফিসার এসএসসি নির্বাচনী পরীক্ষার সময় শিক্ষকদের বাধ্য করেছেন সৃজনশীল প্রশ্ন করতে। এবং এটাও বলেছেন যে, কেউ গাইড বই থেকে প্রশ্ন করতে পারবেন না। তাঁর কথামতো শিক্ষকগণ নিজেদের মতো সৃজনশীল প্রশ্ন করেছেন। এবং আরো আনন্দের কথা হলো সেই সৃজনশীল প্রশ্ন দিয়েই সারা উপজেলায় একযোগে নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সুতরাং আমরা সৃজনশীল প্রশ্ন করতে পারি না এটা ঠিক নয়। আসলে আমাদের দিয়ে সৃজনশীল প্রশ্ন করানো হয় না।

**গোপাল মল্লিক**
সিনিয়র ইংরেজি শিক্ষক, আশরাফ জুট মিলস আদর্শ উচ্চ বিদ্যালয়, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ